

## আপনি কার সাথে কথা বলতে পারেন?

আপনি যদি কাউকে নিয়ে চিন্তিত থাকেন, আমাদের ওয়েবসাইট [actearly.uk](http://actearly.uk)-এ আসুন এবং আপনি যাকে নিয়ে চিন্তা করছেন তাকে আমরা কিভাবে সহায়তা করতে পারি সেই ব্যাপারে আরো জানুন। আমাদের ভূমিকা এবং আপনি কিভাবে গোপনীয়তার সাথে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন তা আমাদের ওয়েবসাইটে আরো বিশদে ব্যাখ্যা করা হয়েছে এবং আপনি যদি অন্য কারো সাথে কথা বলতে চান, সেজন্য বিভিন্ন সংগঠনগুলির বিবরণ দেওয়া হয়েছে, যারা সহায়তা করতে পারেন।

যে বিষয়টি মনে রাখা সবচেয়ে গুরুত্বপূর্ণ তাহল এই যে, শুরুতেই যেন আপনি আপনার উদ্বেগগুলি সম্পর্কে জানান, তা আপনি সহায়তা ও পরামর্শের জন্য যে সংগঠনের সাথেই যোগাযোগ করুন না কেন।

মনে রাখবেন, জরুরী পরিস্থিতিতে, অনুগ্রহ করে, আপনার নিরাপদ থাকা নিশ্চিত করুন এবং 999 ডায়াল করুন।



কোন কাছের মানুষ যদি চরমপন্থী মতামত প্রকাশ করেন, তা খুব ভয়ের মনে হতে পারে,

## সহায়তা গ্রহণ আপনার ইচ্ছার উপর নির্ভর করবে

আমাদের সাথে ভরসা নিয়ে যোগাযোগ করুন এবং আমরা আপনার উদ্বেগের বিষয়গুলি গুরুত্ব দিয়ে শুনব। আপনি যত আগে আমাদেরকে আপনার উদ্বেগের বিষয়গুলি সম্পর্কে জানাবেন, আমরা তত দ্রুত আপনার সেই কাছের মানুষটির প্রয়োজনীয় সহায়তা তার কাছে পৌঁছে দিতে পারব। সহায়তা গ্রহণের বিষয়টি আপনার ইচ্ছার উপর নির্ভর করবে। আমাদের সেই ব্যক্তিটিকে সহায়তা করতে হলে তার অনুমতির প্রয়োজন হবে। পরিস্থিতির উপর নির্ভর করে, আমরা সঠিক সহায়তা প্রদানের জন্য আমাদের সাথে কর্মরত অন্যান্য সংগঠনগুলির সাথে যোগাযোগ করতে পারি। উদাহরণস্বরূপ, তা একজন ডাক্তারের থেকে প্রাপ্ত সহায়তা একটি স্কুলের মাধ্যমে বা একটি স্থানীয় কমিউনিটি গ্রুপ বা একজন দিক নির্দেশকের দ্বারা প্রাপ্ত সহায়তা হতে পারে।

আপনি যদি উদ্বিগ্ন থাকেন, আমাদের তা বলুন। এর জন্য আমাদের সময় নষ্ট হবে না এবং আপনি জীবন নষ্ট করবেন না, তবে আপনি তাদের বাঁচাতে পারেন। আরো তথ্যের জন্য [actearly.uk](http://actearly.uk) দেখুন।

## আপনার কোনো নিকটজন কি অচেনা হয়ে উঠছে?



আপনি যদি চিন্তিত থাকেন যে, আপনার পরিচিত ব্যক্তির মৌলবাদীকরণ করা হচ্ছে। [actearly.uk](http://actearly.uk) দেখুন

আপনি যদি আপনার কোনো একজন প্রিয়জনের বিষয়ে চিন্তিত থাকেন যে, চরমপন্থী মতামত বা ঘৃণা প্রকাশ করছে, যার কারণে সে নিজে বা অন্যদের ক্ষতি করতে পারে, সেক্ষেত্রে কি করতে হবে তা জানা খুব মুশকিল। পুলিশ অন্যান্য সংস্থাগুলির সাথে একসাথে কাজ করে, প্রিভেন্ট নামের একটি হোম অফিসের কর্মসূচীর মাধ্যমে, দুর্বল ব্যক্তিদেরকে চরমপন্থীদের দ্বারা কাজে লাগানো থেকে প্রতিরোধ করে থাকে।

## আমরা কারা

সারা দেশ জুড়ে পুলিশ বাহিনীগুলিতে বিশেষভাবে প্রশিক্ষিত প্রিভেন্ট অফিসাররা থাকেন, যাঁরা স্বাস্থ্য, শিক্ষা, স্থানীয় কর্তৃপক্ষ ও দাতব্য সংস্থাগুলির পেশাদারদের সাথে এবং পাশাপাশি বিভিন্ন বিশ্বাস ও সম্প্রদায়গত গোষ্ঠীগুলির সাথে কাজ করেন, যাতে দুর্বল ব্যক্তিদেরকে চরমপন্থা থেকে দূরে রাখা যায়।

যেহেতু শুরু থেকেই সব সংগঠনগুলি সংশ্লিষ্ট থাকে, সেজন্য আমরা দ্রুত তাদের প্রয়োজনীয় সহায়তা তাদেরকে প্রদান করতে পারি। একসাথে কাজ করে, আমরা অনেক ব্যক্তিকে চরমপন্থা থেকে সরে আসাতে সহায়তা করেছি।



উগ্রপন্থীরা দুর্বল ব্যক্তিদের মনকে প্রভাবিত করার চেষ্টা করে।

“

আমি রানতাম যে, কিছু একটা গন্ডগোল আছে। আমার ভয় লাগছিল, নার্ভাস লাগছিল, যেন আমার পায়ের তলায় বালি সরে যাচ্ছে। আমার ছেলেকে যখন প্রিভেন্ট প্রোগ্রামে পাঠানো হয়, আমি সেটি আপন করে নিই। সহায়তা পেয়ে অবশ্যই ভালো লেগেছে।

”

প্রিভেন্ট-এর মাধ্যমে সহায়তাকৃত ছেলের মা

## আমরা কিভাবে আপনার কাছের মানুষকে সহায়তা করতে পারি

আমাদের প্রিভেন্ট অফিসাররা প্রতিটি কেসের মূল্যায়ন করেন এবং তারা ব্যক্তিটিকে সহায়তার জন্য অন্যান্য সংস্থাগুলির সাথে কাজ করে সেরা প্ল্যানটি কার্যকর করেন। এর অর্থ এই হতে পারে যে, একটি দাতব্য সংস্থা, আপনার স্থানীয় কর্তৃপক্ষ বা স্বাস্থ্য বা শিক্ষা ক্ষেত্রে কর্মরত কারো দ্বারা সঠিক সহায়তা প্রদান। বেশীর ভাগ ক্ষেত্রেই একটানা পুলিশের জড়িত থাকার প্রয়োজন হয় না।

“

ছোট ছোট পরিবর্তনগুলিকে উপেক্ষা করবেন না, কারণ যে সময় আপনি বিপদটি বুঝতে পারবেন, তখন তা এতটাই বড় হয়ে দাঁড়াবে যে, তা সামলানো খুব কঠিন হয়ে পড়বে। শুধু কথাবার্তা শুরু করুন। আপনার সহজাত অনুভূতির উপর ভরসা রাখুন।

”

প্রিভেন্ট-এর মাধ্যমে সহায়তাকৃত একজনের পরিবারের সদস্য



অনেক ব্যক্তিই অনলাইনের বিভিন্ন জিনিস এবং সেশ্যল মিডিয়াম দ্বারা মৌল্যবাদের দিকে ঝুঁক পড়েন

## শুরুতেই পদক্ষেপ নেওয়া এবং আপনার উদ্বিগ্নতাগুলি সম্পর্কে জানানো গুরুত্বপূর্ণ কেন

হতে পারে যে ব্যাপারটা সেরকম নয়, কিন্তু যদি কিছু হয় তাহলে কি হবে? এটা ভাবলেই আতঙ্কের স্রোত বয়ে যায় যে, একজন কাছের মানুষ হতে চরমপন্থার দিকে এগিয়ে চলেছে। কিন্তু কোনো না কোনো কিছু গন্ডগোল আছে তা অন্য যে কারোর তুলনায় বন্ধুবান্ধব ও পরিবারের লোকেরাই সবচেয়ে ভাল বুঝতে পারেন। আমরা আপনাকে সহায়তা করার জন্য রয়েছি। আপনি যদি প্রথমদিকেই পরামর্শ চান, তাহলে আপনার কোনো প্রিয়জনকে নিজের বা অন্যদের ক্ষতি করার হাত থেকে আরো ভালভাবে সুরক্ষিত রাখতে পারেন। আমরা একসাথে তাদেরকে ক্ষতিকর কার্যকলাপ বা দলগুলির সাথে জড়িয়ে পড়া থেকে আটকাতে সহায়তা করতে পারি।